

# কারা একটি COVID-19 টিকা নিতে পারবেন?



12 বছর ও তার উর্ধ্ববয়সী প্রায় সবাই একটি COVID-19 টিকা নিতে পারবেন। এগুলো থাকলেও আপনি টিকা নিতে পারবেন:

- ✓ ডায়াবেটিস
- ✓ হাঁপানি
- ✓ ক্যান্সার
- ✓ হৃদরোগ
- ✓ HIV
- ✓ বৃক্কের রোগ
- ✓ যকৃতের রোগ
- ✓ খাদ্য অ্যালার্জি
- ✓ মৌসুমী অ্যালার্জি, যেমন রেণুতে অ্যালার্জি
- ✓ মুখে গ্রহণ করা ওষুধের প্রতি অ্যালার্জি
- ✓ রক্ত জমাট বাঁধার ইতিহাস
- ✓ ইতোমধ্যেই একটি COVID-19 সংক্রমণ হয়েছে
- ✓ অন্যান্য স্বাস্থ্য সমস্যা
- ✓ অথবা গর্ভবতী, স্তন্যদানরত, বা গর্ভধারণের পরিকল্পনা করছেন

একমাত্র যে কারণে আপনি COVID-19 টিকা নিতে অসমর্থ হতে পারেন তা হচ্ছে যদি আপনার টিকার কোনো একটি উপাদানের প্রতি গুরুতর অ্যালার্জি থাকে অথবা অন্য কোনো টিকা বা ইনজেকশনের মাধ্যমে প্রদেয় ওষুধের প্রতি গুরুতর অ্যালার্জি হওয়ার ইতিহাস থাকে। এমনকি আপনার অ্যালার্জি হলে বা থাকলেও, আপনি টিকা নিতে সমর্থ হতে পারেন, তবে সেটি করার **আগে** আপনার স্বাস্থ্য পরিচর্যা সরবরাহকারীর সাথে কথা বলুন। COVID-19 টিকাসমূহ সম্পর্কে আরো জানতে QR কোডটি স্ক্যান করুন।



COVID-19 টিকাসমূহে প্রিজারভেটিভ, ল্যাটেক্স, ডিম, পারদ, ঙ্গের টিসু বা মানব কোষ, জেলাটিন বা অন্য কোনো প্রাণীজ উপাদান, অ্যান্টিবায়োটিক, বা মাইক্রোচিপি **নেই**। প্রতিটি টিকা সম্পর্কে আরো তথ্যের জন্য, [nyc.gov/health/covidvaccine](https://nyc.gov/health/covidvaccine) ভিজিট করুন, "Additional Resources" (বাড়তি সংস্থানসমূহ) নামক বিভাগটি খুঁজে নিন, ও "Download/Read" (ডাউনলোড করুন/পড়ুন) ড্রপডাউন মেনুর আওতায় "**Understanding the COVID-19 Vaccines**" (COVID-19 টিকাসমূহকে বোঝা) খুঁজে নিন।

COVID-19 টিকাসমূহ নিরাপদ এবং আপনাকে ও আপনার পরিবার, বন্ধু ও কমিউনিটিকে COVID-19 এর হাত থেকে রক্ষা করে। আজই টিকা নিন!

টিকা নেওয়া সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন! আরো তথ্য ও সংস্থানের জন্য [nyc.gov/covidvaccine](https://nyc.gov/covidvaccine) এ যান।

পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।  
9.9.21

**NYC VACCINE FOR ALL:  
SAFE, FREE, EASY**

**NYC**  
Health

